




যুক্তরাষ্ট্রের মিশিগানে খালেদা জিয়ার নামে নতুন রাস্তার নামকরণ



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্রের মিশিগান অঙ্গরাজ্যে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার নামে একটি গুরুত্বপূর্ণ সড়কের নতুন পরিচয় দেওয়া হয়েছে। হ্যামট্রমিক শহরের কেন্দ্রস্থলে অবস্থিত ‘কারপেস্টার স্ট্রিট’ এখন থেকে খালেদা জিয়ার নামেই পরিচিত হবে।

হ্যামট্রমিক সিটি কাউন্সিল সম্প্রতি এ সিদ্ধান্ত অনুমোদন করে। শহরের জোসেফ ক্যাম্পাও ও কোনাল্ট স্ট্রিটের মধ্যবর্তী অংশটি এই নামকরণের আওতায় এসেছে। স্থানীয় প্রশাসনের সিদ্ধান্তকে প্রবাসী বাংলাদেশিরা বাংলাদেশের রাজনৈতিক ইতিহাস ও গণতান্ত্রিক আন্দোলনের প্রতি আন্তর্জাতিক স্বীকৃতি হিসেবে দেখছেন।

বৃহস্পতিবার (৮ জানুয়ারি) বিষয়টি প্রকাশ্যে আসার পর প্রবাসী মহলে ব্যাপক প্রতিক্রিয়া দেখা যায়। তাদের মতে, এটি শুধু একটি সড়কের নাম পরিবর্তন নয়, বরং বৈশ্বিক পরিসরে বাংলাদেশের নেতৃত্বের ভূমিকার প্রতিফলন।

প্রবাসীরা আরও মনে করছেন, এই উদ্যোগ যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশি কমিউনিটির সামাজিক ও রাজনৈতিক অবস্থানকে আরও দৃঢ় করেছে। এর মাধ্যমে আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের রাজনৈতিক সংগ্রামের কথাও নতুন করে সামনে এসেছে।

উল্লেখ্য, যুক্তরাষ্ট্রে বাংলাদেশি নেতার নামে সড়ক নামকরণের ঘটনা এটিই প্রথম নয়। এর আগে শিকাগো শহরে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের নামেও একটি সড়কের নামকরণ করা হয়েছিল।

বৈচিত্র্যময় জনসংখ্যার জন্য পরিচিত হ্যামট্রমিক শহরে একজন বাংলাদেশি সাবেক প্রধানমন্ত্রীর নামে সড়কের নামকরণ দুই দেশের জনগণের মধ্যে সামাজিক ও সাংস্কৃতিক সম্পর্ক আরও গভীর করবে বলে সংশ্লিষ্টদের ধারণা।